

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ বিপদের মাধ্যমে পরীক্ষা করা হলে সে সময় যে ব্যক্তি জাহেলী যুগের লোকদের ন্যায় সাত্ত্বনা দিবে, তাকে
মন্দ কথা স্পষ্টভাবে বলা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْإِسْمَاعِ لِمَنْ تعزَّى بِعَزَاءِ الْجَاهِلِيَّةِ عِنْدَ مُصِيبَةٍ يُمْتَحَنُّ بِهَا

আরবী

3143 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَلَّادٍ الْبَاهِلِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ عَوْفٍ عَنِ الْحَسَنِ عَنْ عُتَيِّ قَالَ: رَأَيْتُ أَبيًّا رَأَى رَجُلًا تَعَزَّى بِعَزَاءِ يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ عَوْفٍ عَنِ الْحَسَنِ عَنْ عُتَيِّ قَالَ: رَأَيْتُ أَبيًّا رَأَى رَجُلًا تَعَزَّى بِعَزَاءِ الْجَاهِلِيَّةِ فَأَعضَّهُ وَلَمْ يَكُنْ ثُمَّ قَالَ: قَدْ أَرَى فِي أَنْفُسِكُمْ _ أَقْ فِي نَفْسِكَ _ إِنِّي لَمْ أَسْتَطِعْ إِذَا سَمِعْتُهَا أَنْ لَا أَقُولُهَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (من تعزى بعزاء الجاهلية فَأَعضتُوه لا تَكْنُوا)

الراوي: عُتَيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3143 | خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (269).

বাংলা

৩১৪৩. উতাই রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি উবাই রাদ্বিয়াল্লাহু আনহুকে দেখেছি, তিনি এক ব্যক্তিকে দেখলেন, সেই ব্যক্তি জাহেলী যুগের লোকদের ন্যায় সান্ত্বনা দিচ্ছে, তখন তিনি তাকে (তার বাবার লজ্জাস্থান) কামড়াতে বলেন; এই কথা তিনি সরাসরি বলেন, আকার-ইঙ্গিতে বলেননি। তারপর তিনি বলেন, "আমি দেখছি তুমি অথবা তোমরা মনে কষ্ট পেয়েছো। আমি তোমাদের থেকে যখন এরকম কথা শুনেছি, তখন আমি এরকম না বলে পারি নাই। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যখন তোমরা কাউকে জাহেলী যুগের লোকদের ন্যায় কাউকে সান্ত্বনা দিতে দেখবে, তখন তোমরা তাকে (তার বাবার লজ্জাস্থান) কামড়াতে বলবে। এরকম কথা (তোমরা স্পষ্টভাবে বলবে) আকার-ইঙ্গিতে বলবে না।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৪/৩৯৬; নাসাঈ: ৪/২১; আত তায়ালিসী: ৫০৭; আবূ দাউদ: ৩১৩০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৮৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন